



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম। www.bise-ctg.gov.bd

স্মারক নম্বরঃ চশিবো/বিদ্যা/বিজ্ঞপ্তি/১৫/২০১৩/ ১৩৩৭(২),

তারিখ : ২৬. ১১. ২০২৪ খ্রি:

বিষয়: বিদ্যমান পরিস্থিতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পর্যদ গঠনে নির্দেশনা প্রদান সংক্রান্ত

সূত্র:- ক) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩২৪.২৫২, তা: ১৮.১১.২০২৪ খ্রি:

খ) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩২৪.২৫৩, তা: ১৮.১১.২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ১নং ক্রমিকের পত্রমূলে বিদ্যমান পরিস্থিতিতে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধিনমালা-২০২৪' এর প্রবিধি ৬৪(৩) এর "স্থানীয় সংসদ সদস্যের সহিত আলোচনাক্রমে" শব্দাবলির কার্যকারিতা সম্ভব নয়। উক্ত প্রবিধিনমালার প্রবিধি ৭৫ এর ক্ষমতাবলে প্রবিধি ৬৪(৩) এর উক্ত শব্দাবলির স্থলে নিম্নরূপ শব্দাবলি প্রতিস্থাপিত করা হলো;

বিদ্যমান শব্দাবলি	প্রতিস্থাপিত শব্দাবলি
৬৪(৩)-সভাপতি মনোনয়নের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান স্থানীয় সংসদ সদস্যের সহিত আলোচনাক্রমে শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ০৩(তিন) জনের একটি তালিকাসহ অন্যান্য সদস্যদের মনোনয়ন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন।	৬৪(৩)-সভাপতি মনোনয়নের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান মহানগরীর ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/অন্যান্য ক্ষেত্রে জেলা প্রশাসকের সহিত আলোচনাক্রমে শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ০৩(তিন) জনের একটি তালিকাসহ অন্যান্য সদস্যদের মনোনয়ন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন।


সূত্রোক্ত -২ নং ক্রমিকের পত্রমূলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধিনমালা-২০২৪' এর প্রবিধি ৬৪ এর আওতায় এডহক কমিটি গঠনপূর্বক উক্ত এডহক কমিটি কর্তৃক আগামী ০৬(ছয়) মাসের মধ্যে নিয়মিত কমিটি গঠন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে অনুরোধ করা হলো। এডহক কমিটি নিম্নোক্ত ০৪(চার) সদস্য বিশিষ্ট হবে, যথা-

১. সভাপতি, মহানগরীর ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/অন্যান্য ক্ষেত্রে জেলা প্রশাসকের সহিত আলোচনাক্রমে শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী;
২. শিক্ষক প্রতিনিধি- জেলা শিক্ষা কর্মকর্তা কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের মধ্য হইতে একজন শিক্ষক;
৩. অভিভাবক প্রতিনিধি- জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত একজন অভিভাবক; এবং
৪. সদস্য সচিব- শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (পদাধিকার বলে)

উল্লেখ্য যে,

- যেসব বিদ্যালয়ের অনুমোদিত এডহক কমিটি আছে সেক্ষেত্রে নতুন করে এডহক কমিটি গঠনের প্রয়োজন নেই;
- যেসব বিদ্যালয়ে নিয়মিত ম্যানেজিং কমিটি বহাল আছে সেসব প্রতিষ্ঠান প্রধান-কে আগামী ০১ মাসের মধ্যে এডহক কমিটি গঠন করে বোর্ডে জমা দিতে হবে;
- এডহক কমিটির সভাপতির শিক্ষাগত যোগ্যতা নূনতম স্নাতক পাশ হতে হবে;
- সংস্থা কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


ড. বিপ্লব গাজুলী

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

চট্টগ্রাম।

প্রাপক:

প্রতিষ্ঠান প্রধান

এ বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
- ২। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল উপজেলা
- ৪। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল জেলা
- ৫। অফিস কপি


২৬.১১.২৪